

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
আগারগাঁও, ঢাকা
(ভ্যাট বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)



সভার কার্যবিবরণী

বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটির তৃতীয় সভা।

ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটি এর অর্ন্তগত ঢাকাস্থ সকল উপ-কমিটি ও ঢাকার বাইরের সকল আঞ্চলিক উপ-কমিটির নির্ধারিত কার্যপরিধির সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ, সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর সভাপতিত্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ০৩/১২/২০২৫ খ্রিঃ তারিখ, বুধবার বিকাল ০৩.৩০ ঘটিকায় একটি সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য, ভ্যাট বাস্তবায়ন ও আইটি এবং আহ্বায়ক, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটি, ইতোমধ্যে গঠিত উপ-কমিটি ভিত্তিক বর্ধনকৃত কার্যের হালনাগাদ তথ্য ও পরবর্তী করণীয় বিষয়ে আলোকপাত করার জন্য উপ-কমিটির আহ্বায়কগণ এবং আঞ্চলিক উপ-কমিটির আহ্বায়ক/প্রতিনিধিগণকে অনুরোধ করেন। অতঃপর উপ-কমিটির আহ্বায়কগণ ও আঞ্চলিক উপ-কমিটির আহ্বায়ক/প্রতিনিধিগণ তাঁদের জন্য নির্ধারিত কার্যের বাস্তবায়ন ও পরবর্তী করণীয় তুলে ধরেন। সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের কার্যপরিধির বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নরূপঃ

(১) আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি:

কার্যপরিধি:

- সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) ও চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়ন;
- আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ; এবং
- অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- অনুষ্ঠানের অতিথির তালিকা হালনাগাদ করা হয়েছে;
- আমন্ত্রণপত্র চূড়ান্ত করা হয়েছে। যা বিলিবন্টন করা হচ্ছে;
- জনসংযোগ কর্মকর্তার সাথে যোগাযোগ করে ইলেকট্রনিক, ডিজিটাল ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের দাওয়াত নিশ্চিত করা;
- যথাযোগ্য লোককে দিয়ে আমন্ত্রণপত্র প্রেরণ করা; এবং
- আমন্ত্রণপত্রের প্রাপ্তিস্বীকার নিশ্চিত করা।

(২) সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটি:

কার্যপরিধি:

- সেমিনারের জন্য সিম্পল ফোল্ডার তৈরি করা;
- ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড ও কলম ইত্যাদি তৈরি করা;

✓

- কি-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটির নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে ফোল্ডারে প্রদান;
- ফোল্ডারে কি-নোট, প্যাড ও কলম দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের নির্ধারিত আসনে তা বিতরণ;
- সম্মেলন কক্ষের অতিথি ও সকলের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান নিশ্চিত করা;
- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া;
- কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা;
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান; এবং
- সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা নিশ্চিত করা।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- অনুষ্ঠানের জন্য নতুন ও পুরাতনের সমন্বয়ে একাধিক সঞ্চালক নির্বাচন করা হয়েছে;
- কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা হয়েছে ;
- প্রয়োজনীয় সংখ্যক সিম্পল ফোল্ডার (কি-নোট, প্যাড ও কলম) ইত্যাদি প্রস্তুত করা চূড়ান্ত পর্যায়ে; এবং
- মঞ্চের অতিথিদের জন্য পুষ্পস্তবক তৈরি ও প্রদান করা।

(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি:

কার্যপরিধি:

- সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন; এবং
- মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বস্ত্র লিখন ও প্রদর্শন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- প্রফেশনাল দিয়ে প্রয়োজনীয় সাজসজ্জা ও সাউন্ড সিস্টেমের ব্যবস্থা করা হয়েছে;
- মূল সেমিনারের বাইরে আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থা রাখতে হবে;
- সম্মেলন কক্ষের ভিতরে মঞ্চ উপবিষ্ট অতিথিদের সামনে তিনটি এলইডি ও সাধারণ অতিথিদের সামনে দুইটি এলইডি অথবা প্রয়োজন অনুসারে কমপক্ষে দুইটি বড় স্ক্রিনের ব্যবস্থা করতে হবে;
- রাস্তার সাজসজ্জার প্রয়োজন নেই, তবে বাইরের রাস্তায় কিছু ভ্যাট প্রচারণামূলক বোর্ডের ব্যবস্থা করা যেতে পারে;
- মঞ্চের টেবিল ফুল দিয়ে শোভিত করে টি-টেবিলে সামান্য উপযোগসহ পরিবেশনের ব্যবস্থা করা;
- মঞ্চের পিছনের ডিজাইন তৈরি, প্রয়োজনীয় লিখন ও প্রদর্শন চূড়ান্তকরণ হয়েছে;
- অনুষ্ঠানস্থলের চিত্র এবং ভিডিও ধারণ করার জন্য একজন স্থির ক্যামেরাম্যান এবং একজন ভিডিও ক্যামেরাম্যান যেন সার্বক্ষণিক থাকে সে বিষয়ে খেয়াল রাখতে হবে; এবং
- মাইক্রোফোন, সাউন্ড সিস্টেম ইত্যাদি ব্যবস্থা করতে হবে।

(৪) কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি:

কার্যপরিধি:

- উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে তা ফোল্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

১

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- কি-নোট পেপার সদস্য (মুসক নিরীক্ষা) মহোদয়ের সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করা হয়েছে; এবং
- চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন গ্রহণ করা হয়েছে। বই আকারে ছাপিয়ে আঞ্চলিক কমিটিতে প্রেরণসহ ফোন্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

(৫) অভ্যর্থনা উপ-কমিটি:

কার্যপরিধি:

- উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের গ্রহণ, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেন; এবং
- মত বিনিময় সভায় অংশগ্রহণকারী উপদেষ্টা মহোদয় ও বিশিষ্ট অতিথিবৃন্দ এর মধ্যে যারা উপস্থিত থাকবেন তাদেরকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে প্রটোকল সহকারে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- ভিআইপি মুভমেন্ট, হলরুম অভ্যর্থনা ও জাতীয় রাজস্ব বোর্ডের প্রবেশদ্বারগুলোতে দায়িত্ব পালনের জন্য ০৩টি টিম গঠন করা হয়েছে;
- সুন্দর ও সংগঠিত করার লক্ষ্যে অনুষ্ঠানের দিন সকলকে স্বতন্ত্র দৃশ্যমান আইডি কার্ড প্রস্তুত করা;
- দায়িত্ব পালনকারী সকলকে সদৃশ রঙের ড্রেস পরিধান করতে হবে; এবং
- সেমিনারে আগত অতিথিদের গ্রহণ ও যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থা করতে হবে।

(৬) আপ্যায়ন উপ-কমিটি:

কার্যপরিধি:

- সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে সেমিনারে প্যাকেট মধ্যাহ্নভোজ পরিবেশনের মেন্যু নির্ধারণ করতে হবে এবং উদযাপন কমিটির আহবায়কের সাথে আলোচনা করে খাবার মেন্যু চূড়ান্ত করতে হবে;
- যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস ও সজ্জিতকরণ;
- সেমিনারে উপস্থিত অতিথি সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নির্ধারণ করা হবে অতিথি এবং গাড়িচালকদের জন্য পৃথকভাবে খাবার সরবরাহ করা হবে; এবং
- উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্ট্রিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- মূল অতিথি ৫০০, রাজস্ব ভবনে কর্মরত ৪০০, ড্রাইভারসহ অন্যান্য ৪০০ জন ও অতিরিক্ত ২০০ জনসহ; মোট ১৫০০ জনের খাবারের আয়োজন করা;
- বোর্ড প্রশাসনের সাথে আলোচনাক্রমে জাতীয় রাজস্ব ভবনে কর্মরতদের খাবার বন্টন নিশ্চিত করা;
- দুপুরের খাবার আইটেমসমূহ চূড়ান্ত করা হয়েছে সে অনুযায়ী আয়োজন করা; এবং
- ডিজিটাল, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাংবাদিকদের আপ্যায়নের বিষয়ে PRO, জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

✓

(৭) টক-শো আয়োজন উপ-কমিটি:

কার্যপরিধি:

- ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন;
- এছাড়া নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজন:

(১) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
(২) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য;
- এ লক্ষে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ;
- সেমিনার অনুষ্ঠান/টক শো-তে অংশগ্রহণের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ;
- ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা; এবং
- টক শো উপ-কমিটিতে PRO, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক শো উপ-কমিটির সদস্য হিসেবে PRO, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। ভ্যাট দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূর্বে তা প্রস্তুত করতে হবে।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- খসড়া প্রেস রিলিজ প্রস্তুতপূর্বক চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে;
- চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের ২৪জন কর্মকর্তা ১০টি টিভি চ্যানেলের অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন;
- টক শোর গাইড লাইন প্রস্তুত করা (টার্গেট/অর্জন এবং জনসচেতনতা বৃদ্ধিতে গুরুত্ব আরোপ করতে হবে); এবং
- সাংবাদিক সম্মেলনের দিন আপ্যায়ন উন্নতমানের করতে হবে।

(৮) ফ্লাইয়ার তৈরি ও বিতরণ উপ-কমিটি:

কার্যপরিধি:

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে বিশেষ ফ্লাইয়ার ও স্টিকার কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা;
- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে মুসক প্রদানে উৎসাহব্যাঞ্জক শ্লোগান-সম্বলিত ফ্লাইয়ার ও স্টিকার এর নমুনা অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুতকরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ; এবং
- ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস এম এস (SMS) প্রেরণ।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- ভ্যাট বিষয়ক শ্লোগানসমূহ চূড়ান্ত করা হয়েছে ও মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রচারের জন্য বিটিআরসিতে ডিও লেটার প্রেরণ করা হয়েছে;
- নির্বাচিত শ্লোগান দিয়ে ফ্লাইয়ার তৈরি করা হয়েছে; উক্ত ফ্লাইয়ারগুলো সকল ভ্যাট কমিশনারেটে নিজ নিজ এলাকায় বিশেষ করে ঢাকার পত্রিকা হকারদের মাধ্যমে পত্রিকা/ম্যাগাজিনের ভিতরে দিয়ে বিলিভটনের ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেন প্রতিটি ঘরে পৌঁছায়; এবং

১

- মঞ্চের ছয়জন অতিথির জন্য সম্মাননা স্মারক প্রস্তুতপূর্বক সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির সাথে আলোচনাক্রমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

(৯) ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ও প্ল্যাকার্ড উপ-কমিটি:

কার্যপরিধি:

- সরকারের আর্থিক ব্যয় কৃষ্ণতাসাধন নীতি অনুসরণ করে সীমিত আকারে দিবসটি উদযাপনের বিষয়টি বিবেচনায় রেখে সাজসজ্জার আয়োজন করতে হবে;
- ঢাকাস্থ গুরুত্বপূর্ণ ও জনসমাগম হয় সেসব স্থানে বিশেষ করে সড়ক, সড়কদ্বীপ ও ফ্লাইওভার, ওভারব্রিজ ইত্যাদি স্থানে ব্যানার, রোল ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড দ্বারা সজ্জিত করা;
- এক্ষেত্রে রাজস্ব ভবন ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জাপূর্বক ভ্যাট বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে উপ-কমিটি, উদযাপন কমিটির আহবায়ককে অবহিত রেখে এর পরিধি চূড়ান্ত করবেন;
- ব্যানারে কী বাণী/স্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ; এবং
- ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবেন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- দুইটি টিভিসি তৈরি চূড়ান্ত পর্যায়ে, অতিদ্রুত সোশ্যাল মিডিয়াসহ বিভিন্ন টিভি চ্যানেলে প্রচার ও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে;
- বিগত বছরের ন্যায় রোল ব্যানার, এক্স ব্যানার এবং ফেস্টুন তৈরি করা হবে;
- ঢাকার গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ করে সড়কদ্বীপ ও জনবহুল মোড়গুলোতে ডিজিটাল মাধ্যমের বিলবোর্ড ব্যবহার করে ভ্যাট বিষয়ক প্রচার-প্রচারণা চালানো; এবং
- সারাবছরব্যাপী ভ্যাট বিষয়ক প্রচারণা চালানো।

(১০) ক্রোড়পত্র উপ-কমিটি:

কার্যপরিধি:

- উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলি সূচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।
- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন উপলক্ষে ১০ ডিসেম্বর ২০২৫ তারিখের কমপক্ষে একদিন পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পপআপসহকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- ক্রোড়পত্রের নমুনা জরুরীভিত্তিতে প্রস্তুত করে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত এবং জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পপআপসহকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

✓

(১১) অডিট উপ-কমিটি:

কার্যপরিধি:

- উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করবেন; এবং
- অডিট কার্যক্রম মার্চ, ২০২৬ এর মধ্যে সম্পন্ন করবেন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- বর্তমান কার্যক্রম পর্যবেক্ষণ করা হচ্ছে। কার্যক্রম শেষে অডিট করা হবে।

(১২)

আঞ্চলিক উপ-কমিটি	বাস্তবায়ন ও সিদ্ধান্ত
১. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা ২. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট ৩. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী ৪. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর ৫. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর ৬. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা ৭. কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম	➤ ইতোমধ্যে সকল উপ-কমিটি পরিকল্পনা প্রণয়নসহ কেন্দ্রীয় অনুষ্ঠানের ন্যায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে। ➤ জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৫ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন নতুন ভ্যাট নিবন্ধন ও জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী এবং সুসংগঠিত রাখতে হবে।

০৩। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক, নতুন ভ্যাট নিবন্ধন বৃদ্ধিমূলক কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যে ১০-৩১ ডিসেম্বর, ২০২৫ সময়কালকে বিশেষ ভ্যাট নিবন্ধন ক্যাম্পেইন হিসাবে পালন করার জন্য সকল ভ্যাট কমিশনারেটে/বিভাগে/সার্কেলে সেবা কেন্দ্র/বুথ/ডেস্ক চালুসহ বিশেষ টিম গঠনপূর্বক কমিশনারেট/বিভাগীয়/সার্কেল দপ্তরের মাধ্যমে বিভিন্ন শপিংমল ও বাজারসমূহের অনিবেদিত ব্যবসা প্রতিষ্ঠানকে তৎক্ষণাৎ নিবন্ধনসহ ভ্যাট কেন্দ্রিক বিভিন্ন সমস্যার সমাধান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি সকল কমিশনারেটকে উক্ত নির্দেশনা সূচারুভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ


জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ,
সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

ও

চেয়ারম্যান,
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলেট ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী
সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/বেনাপোল, যশোর।
৮. মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মুসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৪. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
১৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ঢাকা-১/২, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৮. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
২০. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।



প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
(মুসক করদাতা সেবা)